

## ভুলে যাওয়া

-কামরুন নাহার \*

যদি অপরাহ্নে অভিসারে  
তোমার দীর্ঘ অঙ্গের ছায়া আর না পড়ে,  
যদি কামনাজড়ানো রাতে  
মুঠোফোন ভাসিয়ে না দাও কথার তোড়ে।

ধর, এতটাই ভুলে গেলে যে,  
পথে চলতে চলতে লোকারণ্যে,  
হঠাৎ যদি দুজন্যর দেহে সংঘর্ষ লেগে  
ছমড়ি খেয়ে পড়ে না যাই একটুর জন্যে।  
তবু যদি চিনতে না পার দীর্ঘ চেনা স্পর্শ,  
পুরনো পারফিউমের গন্ধ মনে হয় গায়েপড়া অবিম্ব্য,  
তবে হৃদয়ের রক্তক্ষরণ রঙিন আঁচলে লুকিয়ে বলব,  
পথিক! এবার তুমি এসো।

শুধু অবুঝ হৃদয়ের চোরকুঠুরিতে  
সযত্নে রেখে দেব তোমার স্মৃতির আতর,  
যেভাবে পরশপাথর ভেবে আজো রেখেছি  
ছেলেবেলায় রেললাইনে কুড়িয়ে পাওয়া সামান্য পাথর।

-----

\*কামরুন নাহার বাংলাদেশের রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত 'ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ' (আইবিএস)- এর একজন পিএইচডি ফেলো। তার গবেষণার বিষয়- 'বাংলাদেশে রাজনৈতিক সহিংসতা: প্রকৃতি ও কারণ'।